দৈনিক বাংলা

তারিখ ... ২২.৩.৮৫ ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ১ ...

018

# একটি স্কুলের হাল

রাজধানী নগরী ঢাকার উপকণ্ঠে অবস্থিত একটি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের করুণ অবস্থার চিত্র তুলে ধরা হয়েছে কয়েকদিন আগে প্রকাশিত দৈনিক বাংলার এক খবরে। তাতে বলা হয়েছে, মোহাম্মদপুর থানার সুলতানগঞ্জ ইউনিয়নে অবস্থিত আশরাফাবাদ সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ৯শ ছাত্র-ছাত্রীর জন্য শিক্ষক আছেন মাত্র ৩ জন। প্রয়োজনের তুলনায় স্কুলটিতে আসবাবপত্র ও অন্যান্য উপকরণের যেমন দারুণ অভাব, তেমনি উপযুক্ত গৃহ নেই, স্থানাভাবও যথেষ্ট। ফলে অর্ধেক ছাত্র-ছাত্রীকেই দাঁড়িয়ে কিংবা মাটিতে বসে ক্লাস করতে হয়।

রাজধানীর উপকণ্ঠে অবস্থিত উপরোক্ত এলাকার একমাত্র সরকারী প্রাথমিক বিদ্যালয় হওয়া সত্ত্বেও, আলোচ্য শিক্ষা-প্রতিষ্ঠানটির হাল এমন করুণ কেন, তা সংশিলষ্ট মহলই ভাল বলতে পারবেন। তবে কারণ যাই হোক না কেন, মাত্র ৩ জন শিক্ষকের পক্ষে যে ৯শ ছাত্র-ছাত্রীকে পড়ানো সম্ভব নয় এবং শিক্ষার উপযুক্ত পরিবেশ ও প্রয়োজনীয় আসবাবপত্র এবং সরঞ্জামাদি না থাকলে যে সুষ্ঠুভাবে শিক্ষা দেয়া ও নেয়া চলে না, তা বলার অপেক্ষা রাখে না। শিক্ষার জন্যে প্রয়োজনীয় শিক্ষা-গৃহ, শিক্ষার্থী, শিক্ষক, বইপত্র ইত্যাদি সবকিছুই চাই। কিন্তু শিক্ষকই যদি না থাকে তাহলে ছাত্র-ছাত্রীদের শিক্ষা দেবে কে? আমরা আশা করবো আলোচ্য স্কুলটির তো বটেই, অন্যান্য স্কুলেরও শিক্ষকের অভাব দূর করার দিকে বিশেষ দৃষ্টি দেয়া হবে।